ঝিনাইদহে পুলিশের বাঁধায় বিএনপির কালো পতাকা মিছিল পন্ড

ঝিনাইদহে পুলিশের বাঁধায় পন্ড হয়েছে বিএনপির কালোপতাকা মিছিল। কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে সকালে জেলা বিএনপির কার্যালয় চত্বরে বিভিন্ন উপজেলা থেকে দলীয় নেতাকর্মীরা জড়ো হওয়ার চেষ্টা করলে পুলিশ তাদের সরিয়ে দিয়ে কার্যালয়ের সামনে অবস্থান নেয়।

পরে দলীয় কার্যালয় থেকে নেতাকর্মীরা মিছিল বের করার চেষ্টা করলে পুলিশ তাদের বাঁধা দেয়। পুলিশের বাঁধায় মিছিল করতে না পেরে সেখানেই সমাবেশ করে তারা।

সেসময় বিএনপির খুলনা বিভাগীয় সহ-সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু, জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সহ-সভাপতি কামাল আজাদ পান্নু, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাসসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা দ্রব্যমুল্যের উর্দ্ধগতির প্রতিবাদ জানিয়ে ও বেগম খালেদা জিয়াসহ সকল নেতাকর্মীদের নামে মিথ্যা ও ষড়যন্ত মূলক মামলা প্রত্যাহার ও সংসদ নির্বাচন বাতিলের দাবী জানান।